R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গতঃ শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
৩২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১১ই পৌষ বুধবার, ১৩৮৫ সাল।
২৭শে ডিসেম্বর, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ডাকঘর ও আদালতে হামলা, গ্রেপ্তার, বন্ধ কার্যতঃ ব্যর্থ

বিশেষ প্রতিনিধি : ২২ ডিসেম্বর কংগ্রেস (ই) দলের প্রস্তাবিত বাঙলা বন্ধ কার্যতঃ ব্যর্থ হয়েছে। ওই দিন রাজ্যের অন্যান্য জায়গার মত জঙ্গিপুর মহকুমার জীবনযাত্রা ছিল স্বাভাবিক। বেসরকারী বাস কম চললেও ট্রেন এবং রাষ্ট্রীয় পরিবহণের বাসগুলি যথারীতি চলাচল করে। জাতীয় সড়কে যানবাহন চলাচলে বাধাদানের চেষ্টা করলে পুলিশ সুতী ও ফরাক্কা থেকে ১২৯ জন কংগ্রেস (ই) সমর্থককে গ্রেপ্তার করে বলে জানা যায়। পুলিশ সূত্রের একটি খবরে জানা যায়, ২০ ডিসেম্বর সামসেরগঞ্জে ৯০ জন কংগ্রেস (ই) দলের আইন অমান্যকারীকে গ্রেপ্তার করা হয়। ধুলিয়ান গঙ্গা ষ্টেশনে তারা আর এম এস-এ ডাক উঠাতে বাধা দিয়েছিল বলে অভিযোগ। ২১ ডিসেম্বর জঙ্গিপুরের এম এল এ হাবিবুর রহমানের নেতৃত্বে কংগ্রেস (ই) দলের ৮০ জন আইন অমান্যকারী পুলিশকে বোকা বানিয়ে সদ্যনির্মিত রঘুনাথগঞ্জ দ্বিতীয় প্রধান ডাকঘর এবং জঙ্গিপুরের একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেটের আদালতে অতর্কিত হামলা চালিয়ে আসবাবপত্র ভাঙচুর এবং নথীপত্র তছনছ করে বলে প্রত্যক্ষদর্শী দু'জন সাংবাদিক জানান। পুলিশ ডাকঘরে হামলার অভিযোগে এম এল এ হাবিবুর রহমানসহ ২৬ জন কংগ্রেস (ই) সমর্থককে গ্রেপ্তার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, ওই দিন মহকুমার বিভিন্ন জায়গা থেকে মোট ১০১ জন আইন অমান্যকারীকে গ্রেপ্তার করা হয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে গ্রেপ্তার এবং তাঁর সংসদ সদস্য পদ খারিজের প্রতিবাদে কংগ্রেস (ই) সমর্থকরা মহকুমায় ওইভাবে আইন অমান্য আন্দোলন করছিলেন।

## পঞ্চায়েত সমিতি সি পি এমের দখলে

বিশেষ প্রতিনিধি : পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহ-সভাপতি নির্বাচনের ফলাফল সি পি এম দলের অনুকূলে গিয়েছে। সরকারীভাবে ঘোষিত মহকুমার ফলাফল : সাগরদীঘি ব্লক—সভাপতি কানাইলাল চক্রবর্তী ( সি পি এম ), সহ-সভাপতি আলি মর্তুজা ( সি পি এম )। রঘুনাথগঞ্জ ১নং ব্লক—সভাপতি সত্যব্রত ঘোষাল ( সি পি এম ), সহ-সভাপতি মহঃ সলিমুল্লা সেখ ( সি পি এম )। রঘুনাথগঞ্জ ২নং ব্লক—সভাপতি ক্ষৌণীশচন্দ্র চ্যাটারজি ( সি পি এম ), সহ-সভাপতি আবদুর রব ( নির্দল )। সুতী ১নং ব্লক—সভাপতি আসরাফুল ইসলাম ( আর এস পি ), সহ-সভাপতি তপন রায় ( সি পি এম )। সুতী ২নং ব্লক—সভাপতি সেখ নেজামুদ্দিন ( সি পি এম ), সহ সভাপতি মহঃ আব্বাস আলি ( আর এস পি )। সামসেরগঞ্জ ব্লক—সভাপতি আকসার আলি ( সি পি এম ), সহ-সভাপতি শ্রীপতি সরকার ( সি পি এম )। ফরাক্কা ব্লক—সভাপতি মহঃ মনিরুদ্দিন ( সি পি এম ), সহ-সভাপতি ভোলানাথ সাহা ( সি পি এম )। ২০ থেকে ২৩ ডিসেম্বর পর্যন্ত সাতটি ব্লকে নির্বাচনগুলি সম্পন্ন হয়।

## হুকারহাটে খুন, পুলিশ জখম, শ্রীকৃষ্ণ হাজতে

সাগরদীঘি, ২৬ ডিসেম্বর—গতকাল এই থানার হুকারহাট গ্রামে একজন পাইকারী ধান ব্যবসায়ী খুন হয়েছেন, খুন ঠেকাতে গিয়ে একজন কনষ্টেবল জখম হয়েছেন এবং খুনের দায়ে শ্রীকৃষ্ণ তেওয়ারী নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, ভগবানগোলা থানার বসন্তপুর গ্রামের সাইফুল সেখ নামে একজন ধান ব্যবসায়ী গতকাল হুকারহাট থেকে ধান কিনে ফিরে যাওয়ার পথে গ্রামের একটি ধেনো মদের দোকানে বসেন মদ খেতে। সেখান থেকে কিছুদূর গিয়ে বাবার নাম জিজ্ঞেস করা নিয়ে আরো দু'জনের সঙ্গে তুমুল বচসা শুরু হলে একজন সাইফুলকে ছুরিকাঘাত করে। বাধা দিতে গিয়ে হুকারহাট ক্যাম্পের বিভূতি হালদার নামে একজন কনষ্টেবল আহত হন। ঘটনাস্থলেই সাইফুলের মৃত্যু ঘটে। পুলিশ শ্রীকৃষ্ণ তেওয়ারী নামে ভগবানগোলা থানার কুঠিরামপুর গ্রামের একজনকে গ্রেপ্তার করে হাজতে পাঠায়।

## দলবাজির অভিযোগে অঞ্চল প্রধান আক্রান্ত

ফরাক্কা ব্যারেজ, ২৭ ডিসেম্বর—ত্রাণসামগ্রী নিয়ে দুর্নীতি, স্বজন-পোষণ এবং দলবাজির অভিযোগে বেনিয়াগ্রামের সি পি এম দলের পঞ্চায়েত প্রধান সম্প্রতি পঞ্চায়েতের সভায় পঞ্চায়েত সদস্য এবং আর এস পি দলভুক্ত একদল লোকের হাতে আক্রান্ত হন বলে থানায় অভিযোগ করা হয়েছে। বন্যাপীড়িতদের জন্য অনুমোদিত ত্রাণসামগ্রী এবং গৃহনির্মাণ অনুদানের সিংহভাগ দলীয় লোকেদের মধ্যে বণ্টন করে প্রকৃত ক্ষতিগ্রস্তদের বঞ্চিত করা হচ্ছে—এই অভিযোগে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কর্তব্যরত অবস্থায় মৃত্যু

অরঙ্গাবাদ, ২৪ ডিসেম্বর—আজ সকালে অরঙ্গাবাদ ডি এন কলেজ ময়দানে প্যারেড করার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে আমুহা গ্রামের দশরথ দাস নামে একজন হোমগারড মারা যান। এ খবর দিয়ে একজন পুলিশ অফিসার জানান, সামরিক কায়দায় পূর্ণ মর্যাদায় বাজিতপুর শ্মশানঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

## গৌরী সেনের টাকা

সাগরদীঘি, ২৭ ডিসেম্বর—সাগরদীঘি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসের অধীন মনিগ্রাম কল সেণ্টারের জন্য বালিয়া গ্রামে অফিস-কোয়ারটারের একটি ঘর ভাড়া বাবদ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে সম্প্রতি ১২০০ টাকা দিতে হয়েছে। অথচ পর্ষদের কোন কর্মচারী কোনদিন নাকি উল্লিখিত কাজে ঘরটি ব্যবহার করেননি বলে শোনা যাচ্ছে। এদিকে মনিগ্রাম কল সেণ্টারের কর্মীরা স্থায়ীভাবে বসবাস করে যে অফিস ঘরে কাজ করছেন, পর্ষদ সেই ঘরের ভাড়া মেটানোর কোন ব্যবস্থা করছেন না দেখে সকলে আশ্চর্য হচ্ছেন।

## বিচারের প্রহসন ?

সাগরদীঘি, ২৭ ডিসেম্বর—কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পে চাঁদপাড়া থেকে গাদী পর্যন্ত উপসাই বিল সংস্কারের জন্য বরাদ্দ গম আত্মসাৎ করে সি পি এম দলের দু'জন গ্রাম পঞ্চায়েত সদস্য হাতেনাতে গ্রামবাসীদের হাতে ধরা পড়ে ৫ ডিসেম্বর গ্রাম্য বিচারের সম্মুখীন হন। বিচারসভায় পঞ্চায়েত প্রধান এবং পঞ্চায়েত সমিতির সদস্যের সামনে তাঁরা ভুয়া নামের বিনিময়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্কুলে দলভিত্তিক নির্ব্বাচন

ধুলিয়ান, ২৭ ডিসেম্বর—সামসেরগঞ্জ ব্লকের ভাসাই-পাইকর উচ্চ বিদ্যালয়ে দলভিত্তিক পরিচালকমণ্ডলীর নির্বাচন অনুষ্ঠিত হল গত রবিবার। ইতিপূর্বে এই নির্বাচনকে কেন্দ্র করে যথেষ্ট জলঘোলা করা হয়। সি পি এম, আর এস পি এবং কংগ্রেস—ত্রিমুখী প্রতিদ্বন্দ্বিতায় কংগ্রেস সমর্থকরা সর্বস্তরে বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেন বলে খবর পাওয়া যায়। স্কুলে দলভিত্তিক নির্বাচনের ঘটনা এই প্রথম।

## খেলার খবর

২৪ ডিসেম্বর অনুষ্ঠিত রঘুনাথগঞ্জ যুবক সংঘ পরিচালিত নক্-আউট ফুটবল টুরনামেনটের ফাইনালে গফুরপুর ভ্রাতৃ সঙ্ঘ ও অগ্নিফৌজ ক্লাব যুগ্ম বিজয়ীর সম্মান অর্জন করে। উভয় দলের শ্রেষ্ঠ খেলোয়াড় নির্বাচিত হন খোকন রায় ও গৌতম বর্মণ।

হেমবরণী স্মৃতি শীল্ড ও কাপের ফুটবল ফাইনালে রঘুনাথগঞ্জ বিবেকানন্দ ক্লাব ১—০ গোলে সেবাশিবির ক্লাবকে পরাজিত করে জয়লাভ করেছে।

রঘুনাথগঞ্জ ডায়মণ্ড ক্লাব শহরে ক্রিকেট লীগের আয়োজন করেছে। মোট আটটি দল এই লীগে অংশ নিয়েছে। এ পর্যন্ত দুটি খেলায় প্যাকারস ইলেভেন ও ডায়মণ্ড ক্লাব গনকর ও বিষ্ণুপুরকে হারিয়ে দুটি করে পয়েন্ট লাভ করেছে।

২২ ডিসেম্বর বহরমপুর বিমল কালচারাল হলে অনুষ্ঠিত দেহশ্রী প্রতিযোগতায় রঘুনাথগঞ্জ যুবক সঙ্ঘ ব্যায়াম মন্দিরের সভ্য নিতাই দাস 'মুর্শিদাবাদশ্রী' খেতাব অর্জন করেছেন।

## ১১ বস্তা চাল সীজ

রঘুনাথগঞ্জ, ২৭ ডিসেম্বর—এনফোরসমেন্ট পুলিশ ভারতের খাদ্য সংস্থার স্থানীয় গোডাউনের বাইরে একটি বাড়িতে মজুত করা ১১ বস্তা চাল সীজ করেছে। পুলিশ সূত্রে এ খবর জানা গেছে। পাচার করার উদ্দেশ্যে ১১ বস্তা চাল সরিয়ে রাখা হয়েছে—এই অভিযোগে গত সপ্তাহে গোডাউনটি সীল করা হয়। তারপর থেকে তদন্ত এখনও চলছে। এদিকে হাজার পাঁচেক টাকা কুলি খরচ নিয়ে পুলিশ খুব মুশকিলে পড়েছে। এই খরচের বোঝা কেউ বইতে রাজী নন। পুলিশ যেহেতু গোডাউন সীল করেছে, সেই হেতু তদন্তের কাজে খরচের এই বোঝা পুলিশের ঘাড়ে এসে পড়েছে বলে জানা গেছে।

সাগরদীঘি স্পোরটস এ্যাসোসিয়েসন পরিচালিত নক-আউট ফুটবল টুরনামেনটের ফাইনাল খেলার দিন পিছিয়ে দিয়ে ৩১ ডিসেম্বর ধার্য হয়েছে। ১৭ ডিসেম্বর খেলাটি অনুষ্ঠিত হবার কথা ছিল।

## বড়দিনের বলি

ফরক্কা ব্যারেজ, ২৫ ডিসেম্বর—আজ ফরাক্কা থানার খোদাবন্দপুর গ্রামে আজিজুর রহমান (১১) নামে এক কিশোরের মর্মান্তিক মৃত্যু ঘটে। প্রকাশ, শালঘরে গুড় জাল দেওয়ার কড়াইয়ের ধারে দাঁড়িয়ে সে গাদ কাটছিল। একসময় ঝুঁকে গাদ কাটতে গিয়ে সে ফুটন্ত গুড়ের কড়াইয়ে পড়ে গিয়ে জীবন্ত দগ্ধ হয়। আশঙ্কাজনক অবস্থায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তির পর তার মৃত্যু ঘটে।

### ধান ভানা কলে নিষেধাজ্ঞা

নিজস্ব সংবাদদাতা: পার্শ্ববর্ত্তী লাইসেনসধারী হাসকিং মিল মালিকদের আবেদনে সাগরদীঘির ২টি, রঘুনাথগঞ্জের ১টি এবং ফরাক্কার ১টি বিনা লাইসেনসের হাসকিং মিলের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। রতনপুর, সেখদীঘি, বাড়ালা ও ঘোড়াইপাড়ায় মিলগুলি চলছিল বলে প্রকাশ।

### ভাগীরথীতে নৌকাডুবি

সাগরদীঘি, ১৬ ডিসেম্বর—গতকাল এই থানার গাদী গ্রামে কালীতলা ঘাটে ৯টি গরুগাড়ী বোঝাই একটি নৌকা ডুবে যায়। নৌকাটি লালগোলা থানার নূতনাদিয়াড়ের দিক থেকে গাদীর দিকে আসছিল। প্রাণহানির খবর কোন নাই।

### ফসল কাটতে গিয়ে গ্রেপ্তার

ধুলিয়ান, ২৫ ডিসেম্বর—গতকাল পারশিবপুর চরে লাঠিসোটা নিয়ে বলপূর্বক ফসল কাটার চেষ্টা করা হলে সামসেরগঞ্জ পুলিশ ৩৯ জনকে গ্রেপ্তার করে বলে খবর।

### বন্যাত্রাণ তহবিলে দান

লুথারান ওয়ারলড সারভিসের পরিচালনায় মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু আছে, সেই সমস্ত কেন্দ্রের শিক্ষক-শিক্ষিকা ও ফিলড অফিসাররা তাঁদের একদিনের বেতন মুখ্যমন্ত্রীর বন্যাত্রাণ তহবিলে দান করেছেন বলে জানানো হয়েছে।

### বিদ্যুৎ অফিস অনিয়মিত

জঙ্গিপুর, ১৮ ডিসেম্বর—জঙ্গিপুর বিদ্যুৎ সরবরাহ অফিসটি দীর্ঘদিন ধরে অনিয়মিতভাবে চলছে বলে স্থানীয় বিদ্যুৎ গ্রাহকদের অফিসের কাজে হয়রান হতে হচ্ছে। প্রতিবাদ করেও কোন ফল হয়নি বলে নাগরিকরা অভিযোগ করেছেন।


### দ্বিতল পোক্তা বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ সহরের মধ্যস্থলে ৫নং ওয়ার্ডে ভদ্রপল্লীতে একখানি দ্বিতল পোক্তা বাটী বিক্রয় হইবে। স্কুল, বাজার, পোষ্ট অফিস সবই নিকটে। পত্র লিখুন—সুশীলা ঘোষাল, প্রযত্নে এ কে মুখার্জী, ১৩-এ কলভিন কোর্ট, হাওড়া।

### মিত্র বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ, দরবেশপাড়া
(মুর্শিদাবাদ)
ধুতি, শাড়ি, শার্টিং, কোটিং
রেডিমেড ও শীতবস্ত্র সুলভ মূল্যে
পাওয়া যায়।

### স্কুটার বিক্রী

চালু অবস্থায় একটি রাজদূত স্কুটার বিক্রী আছে। নিম্নে অনুসন্ধান করুন। —অনিল কর্মকার
রঘুনাথগঞ্জ, ফুলতলা
(মুর্শিদাবাদ)।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস

### নেশার বাস সারভিস

(ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয়)

সবার প্রিয় চা—

### চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

### বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

### শ্রীগুরু হোমিও হল

ডাঃ ডি, এন, চ্যাটার্জ্জী, ডি, এম, এস
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ
সর্বপ্রকার হোমিওপ্যাথিক ও বায়োকেমিক ঔষধ বিক্রয় হয় এবং যে কোন ব্যাধিগ্রস্ত (Acute or Chronic) রোগীর চিকিৎসা হয়

### ঊষা হার্ডওয়ার ষ্টোর

স্থান পরিবর্ত্তন : রেডক্রশের পাশে
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ
হলার, যাঁতা, ঘানি, মেশিনারী
দ্রব্য বিক্রেতা।

## আমরা লক্ষ্য করছি

"ফসল তোলার নির্দ্দেশাবলী রূপায়ণের জন্য জেলা প্রশাসনের কর্মকর্তাগণ ইতোমধ্যে নিরপেক্ষভাবে আইনসঙ্গত পদ্ধতিতে তাঁদের কাজ আরম্ভ করে দিয়েছেন, নির্বাচিত পঞ্চায়েত সমিতিগুলি সহায়তাদানে এগিয়ে আসছেন, আলাপ-আলোচনার মাধ্যমে ছোটখাটো বহু বিরোধ মীমাংসা হয়ে যাচ্ছে। এই প্রয়াসকে সুদৃঢ় এবং প্রসারিত করার জন্য আমরা সংশ্লিষ্ট সকলের সাহায্য এবং সহযোগিতা আন্তরিকভাবে কামনা করি।"

জ্যোতি বসু
মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ সরকার

১২ ডিসেম্বর, ১৯৭৮
মহাকরণ, কলিকাতা-১


[মুর্শিদাবাদ জেলা তথ্য অফিস হইতে প্রচারিত]

## কর্মখালি

পশ্চিমবঙ্গ সরকারের স্পনসর্ড কলেজের নিয়ম অনুযায়ী নাইট ওয়াচমেন ( নৈশ প্রহরী ) এর স্থায়ী একটি পদে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীর নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। আবেদনকারীর পূর্ণ বিবরণসহ আগামী ১৫ই জানুয়ারী, ১৯৭৯ ইং তারিখের মধ্যে অধ্যক্ষ, জঙ্গিপুর কলেজ, পোঃ জঙ্গিপুর, জেলা মুর্শিদাবাদ—এই ঠিকানায় পাঠাইতে হইবে।


## আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর ?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। ল্যানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।





## দলবাজির অভিযোগে

( ১ম পৃষ্ঠার পর )

বিক্ষোভকারীরা তাঁকে ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করতে থাকলে তিনি সভা ছেড়ে চলে যান বলে প্রকাশ। পরে একজন আর এস পি সমর্থককে পুলিশ গ্রেপ্তার করেছে।

**বীজ সার আত্মসাতের অভিযোগ ঃ** ফরাক্কা থানার মহেশপুর গ্রাম পঞ্চায়েত সদস্য বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য বরাদ্দ বীজ ও সার আত্মসাৎ করেছেন বলে অভিযোগ করা হয়েছে। প্রতিকারের দাবি জানিয়ে ১২ ডিসেম্বর পঞ্চায়েত প্রধানের কাছে গ্রামবাসীদের পক্ষ থেকে একটি স্মারকলিপি পেশ করা হয়েছে বলে জানানো হয়েছে।

**বঞ্চনার অভিযোগ ঃ** রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের কর্মকর্তারা দুঃস্থ বন্যার্তদের বঞ্চিত করে ধনী সম্প্রদায়ের মধ্যে কম্বল ও চাদর বণ্টন করছেন এবং নির্বাচিত সদস্যরা চুটি করে টোকেন পাচ্ছেন বলে জনৈক গ্রামবাসী আমাদের কাছে অভিযোগ করেছেন। তিনি এই ব্যবস্থার প্রতিকার দাবি করছেন।

## বিচারের প্রহসন ?

( ১ম পৃষ্ঠার পর )

৬ কুঃ গম ও টাকা আত্মসাতের কথা কবুল করলে তাঁদের ৬৭৫ টাকা জরিমানা করা হয়। স্থির হয়, জরিমানার টাকায় পঞ্চায়েত প্রধান রাস্তা সংস্কারের কাজ করাবেন। শোনা যাচ্ছে, সেই টাকা এখনও জমা পড়েনি। ধৃত সদস্যদের নাকি জামিনের টাকা দিতে হবে না। লোক থামাবার জন্য নাকি বিচারের প্রহসন করা হয়েছিল।

## যাবজ্জীবন কারাদণ্ড

বহরমপুর, ২০ ডিসেম্বর—মুর্শিদাবাদের প্রথম অতিরিক্ত দায়রা জজ আর সি ঘোষ সাগরদীঘি থানার কুমারডা গ্রামের স্বপন মাঝিকে হত্যার অপরাধে মঙ্গল মাঝি, কালু মাঝি, রসিক মাঝি ও সুফল সোরেনকে ভারতীয় দণ্ডবিধির ৩০২/৩৪ ধারায় দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেছেন।

মামলার বিবরণে প্রকাশ, ১৯৭৫ সালের ১৭ এপ্রিল সন্ধ্যা নাগাদ কুমারডা গ্রাম সংলগ্ন মাঠে তালগাছ জমা নেওয়ার ব্যাপারে আক্রোশবশতঃ আসামীরা স্বপন মাঝিকে লাঠি ও ধারালো অস্ত্রের আঘাতে জর্জরিত করে এবং তার ফলে তার মৃত্যু ঘটে।

## ব্লক কংগ্রেস (ই) কমিটি

সুতী ১নং ব্লক যুব কংগ্রেস (ই কমিটি গঠন করা হয়েছে। সভাপতি হয়েছেন আমিরুল হক, সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন আবদুল হাকিম, কিশোরীমোহন চৌধুরী ও মাহমুদ সুলতান। —প্রাপ্ত

## শোক সংবাদ

রঘুনাথগঞ্জ শহরের বালিঘাটা পল্লীর সঙ্গীতজ্ঞ, সদালাপী ও সর্বজনপ্রিয় প্রফুল্লকান্তি দাস ( কালুদা ) ২৭ ডিসেম্বর সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন।


### অঞ্জনা অপেরা


প্রোঃ জনরঞ্জন ঘোষ
গ্রাম+পোঃ মোড়গ্রাম ( মুর্শিদাবাদ )
১৩৮৫ সালের চারটি বলিষ্ঠ নিবেদন—
শ্রীভৈরবনাথ গঙ্গোপাধ্যায় রচিত
**বিবি আনন্দময়ী, খুনী, যাযাবরী**
শ্রীকানাইলাল নাথ রচিত
**কাঁসাই নদীর তীরে**
বায়নার জন্য সত্বর যোগাযোগ করুন।


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অরুন্তুদ পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


Godrej

*"The quality is never an accident,
But it is always the result of
an important efforts."*

উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।





★ এক এবং অনন্য পরিবেশক—

**মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ**
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১